দৈনিক ইত্তেফাক

২৩/১১/২০০১

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ১১ কলাম ৩ ......

# সিলেটের শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে ভর্তির প্রক্রিয়া শুরু

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২০০১-২০০২ শিক্ষাবর্ষের ১ম বর্ষ সম্মান শ্রেণীর ভর্তি পরীক্ষার প্রক্রিয়া ইতিমধ্যেই শুরু হয়েছে। এবারে দুই ইউনিটে ৯৮৫টি আসনে ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে। এর মধ্যে ক ইউনিটে ৫৫০টি ও খ ইউনিটে ৪৩৫টি আসন। 'ক' ইউনিটের ভর্তি পরীক্ষা ১৮ জানুয়ারী ২০০২ ও 'খ' ইউনিটের ভর্তি পরীক্ষা ১৯ জানুয়ারী ২০০২। উভয় দিন সকাল ১০টায় পরীক্ষা শুরু হবে।

ভর্তিচ্ছু শিক্ষার্থীরা ২০০০ বা ২০০১ সালে অনুষ্ঠিত এইচএসসি বা আলিম বা ডিপ্লোমা-ইন-কমার্স এবং ১৯৯৮ বা ১৯৯৯ সালে অনুষ্ঠিত এসএসসি পরীক্ষায় বা দাখিল পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। শিক্ষার্থীদের অন্যান্য যোগ্যতার মধ্যে এসএসসি বা সমমানের ও এইচএসসি বা সমমানের পরীক্ষার সর্বমোট নম্বর 'ক' ইউনিটের জন্য ১১০০ নম্বর থাকতে হবে। একইভাবে 'খ' ইউনিটে আবেদন করতে ইচ্ছুকদের ৯০০ নম্বর থাকতে হবে। তবে এইচএসসি বা সমমানের পরীক্ষায় তৃতীয় বিভাগ থাকতে পারবে না। অথবা জিসিই ও লেভেলে কমপক্ষে ৫টি এবং জিসিই এ লেভেলে ২টি বিষয়ে পাস থাকতে হবে।

১৯৯৮ সালের আগে এসএসসি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবে না।

ভর্তি পরীক্ষার ফরম বিতরণ ও গ্রহণ শুরু হয়েছে ৮ নভেম্বর থেকে চলবে ২৯ নভেম্বর ২০০১ পর্যন্ত প্রতিদিন অফিস চলাকালীন সময়। প্রতি ইউনিটের জন্য ভর্তি পরীক্ষার ফিস ২৫০ টাকা। বিশ্ববিদ্যালয় সোনালী ব্যাংক শাখায় অফেরতযোগ্য এ টাকা জমা দিয়ে ২ কপি রসিদ সংগ্রহের মাধ্যমে কাউন্টার থেকে ভর্তি পরীক্ষার ফরম ও নির্দেশিকা নিতে হবে। ভর্তি ফরমে নির্ধারিত স্থানে ৩ কপি পাসপোর্ট সাইজ ছবি ছাড়া অন্য কোন সার্টিফিকেট, মার্কশীট বা প্রশংসাপত্র সংযুক্ত করতে হবে না। তবে ফরমে এসএসসি বা সমমান ও এইচএসসি বা সমমানের পরীক্ষার রেজিস্ট্রেশন নম্বর, রোল নম্বর, মোট নম্বর ও প্রাপ্ত নম্বর উল্লেখ করতে হবে। এইচএসসি বা সমমানের পরীক্ষার বিভিন্ন বিষয়ে প্রাপ্ত নম্বর উল্লেখ করতে হবে। ও লেভেলের পাসকৃত প্রার্থীদের ক্ষেত্রে মার্কশীটগুলোর সত্যায়িত কপি জমা দিতে হবে।

শাবি'র ৫টি অনুষদের অধীনে সর্বমোট ১৫টি বিভাগকে ২টি ইউনিটে বিভক্ত করা হয়েছে।

'ক' ইউনিটভুক্ত বিভাগগুলোর মধ্যে কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং এ ১২০টি, রসায়ন, পদার্থ, গণিত, কেমিক্যাল ইঞ্জিনিয়ারিং এন্ড পলিমার সায়েন্স বিভাগগুলোর প্রতিটিতে ৬০টি, পরিসংখ্যান, ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রডাকশন ইঞ্জিনিয়ারিং, সিভিল এন্ড এনভায়রনমেন্টাল ইঞ্জিনিয়ারিং-এর প্রতিটিতে ৫০টি এবং ফরেস্ট্রি বিভাগে ৪০টি আসনে ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে।

'খ' ইউনিটভুক্ত বিভাগগুলোর মধ্যে অর্থনীতি, সমাজ বিজ্ঞান, পলিটিক্যাল স্টাডিজ এন্ড পাবলিক অ্যাফেয়ার্স বিভাগের প্রতিটিতে ৬৫টি, নৃবিজ্ঞান সমাজ কর্ম, ব্যবসায় প্রশাসন ও ইংরেজীতে ৬০টি আসনে ছাত্র-ছাত্রী ভর্তি করা হবে।

ভর্তি পরীক্ষার প্রশ্নপত্র বাংলায় প্রণয়ন করা হবে। কোন আবেদনকারী যদি ইংরেজী ভাষায় প্রশ্নপত্র পেতে চায় তবে তাকে ফরম জমা দেয়ার সময় ভর্তি কমিটির সভাপতি বরাবর লিখিত আবেদন করতে হবে। ভর্তি পরীক্ষা সম্পূর্ণভাবে বহু নৈর্বাচনিক (এমসিকিউ) পদ্ধতিতে অনুষ্ঠিত হবে। কালো কালির বল পয়েন্ট কলম দিয়ে প্রশ্নোত্তর করতে হবে। 'ক' ইউনিটভুক্ত প্রার্থীদের ইংরেজী ভাষা, পদার্থ বিজ্ঞান, রসায়ন ও গণিত বিষয়ে পরীক্ষা দিতে হবে। প্রতি বিষয়ে ২০ নম্বর করে মোট ৮০ নম্বর। 'খ' ইউনিটের প্রশ্নপত্র দু'টি গ্রুপে বিভক্ত থাকবে। প্রথম গ্রুপে অন্তর্ভুক্ত বিষয়গুলোর মধ্যে বাংলা ভাষা ১০, ইংরেজী ২০, বাংলাদেশ ও আন্তর্জাতিক প্রসঙ্গ ২০ নম্বর থাকবে। দ্বিতীয় গ্রুপে থাকবে সামাজিক বিজ্ঞান বিষয়াবলী ৩০ নম্বর, বাণিজ্য বিষয়ক প্রশ্নাবলী ৩০ নম্বর, বিজ্ঞান বিষয়ক প্রশ্নাবলী ৩০ নম্বর। পরীক্ষার্থীর প্রথম গ্রুপের সকল বিষয়ের উত্তর অবশ্যই করতে হবে। দ্বিতীয় গ্রুপের ৩টি বিষয়ের যে কোন ১টি বিষয়ে উত্তর করতে হবে। উভয় ইউনিটের পরীক্ষা দেড় ঘন্টাব্যাপী অনুষ্ঠিত হবে। 'ক' ইউনিটে যেসব শিক্ষার্থী পরীক্ষা দিবে তারা 'ক' ইউনিটভুক্ত বিভাগসমূহে ভর্তির সুযোগ পাবে। 'খ' ইউনিটের পরীক্ষার্থীরা শুধু 'খ' ইউনিটভুক্ত বিভাগে ভর্তির সুযোগ পাবে। যেসব ছাত্র-ছাত্রী বিজ্ঞান গ্রুপ থেকে এইচএসসি বা সমমানের পরীক্ষায় পাস করেছে তারা যে কোন ১টি ইউনিটে অথবা পৃথক পৃথকভাবে উভয় ইউনিটে আবেদন করতে পারবে। বিজ্ঞান বিভাগ ছাড়া অন্য যে কোন বিভাগের ছাত্রছাত্রী, শুধু 'খ' ইউনিটে আবেদন করবে।

যেসব ছাত্রছাত্রী পদার্থ বিজ্ঞান, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং, ইন্ডাস্ট্রিয়াল এন্ড প্রডাকশন ইঞ্জিনিয়ারিং বিভাগে ভর্তি হতে ইচ্ছুক তাদেরকে পদার্থ বিজ্ঞান ও গণিতে ৪০ শতাংশ নম্বর পেতে হবে। ভর্তি পরীক্ষা সংক্রান্ত অন্যান্য তথ্য প্রাপ্তির যোগাযোগের ঠিকানা, প্রফেসর ড. রেজাই করিম খন্দোকার, সভাপতি, ভর্তি কমিটি ২০০১-২০০২, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট। ❑ মাহমুদ হাসান